



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/27/2025

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল এবং MTA 29 জুন থেকে শুরু করে একাধিক স্থানীয় বাস রুটে পরিষেবার উন্নয়নসমূহের ঘোষণা করেছেন

স্টেটেন আইল্যান্ড (Staten Island), ব্রুকলিন (Brooklyn), কুইন্স (Queens) এবং ব্রক্সেসে (Bronx) উচ্চ যাত্রী সংখ্যা সহ 14টি স্থানীয় বাস রুটে পরিষেবা বাড়ানো হয়েছে

মার্চ মাসে আটটি গুরুত্বপূর্ণ এক্সপ্রেস বাস রুটে সেবা বৃদ্ধির পাশাপাশি পরিষেবার উন্নতিও আনা হবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এবং মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি (Metropolitan Transportation Authority, MTA) আজ ঘোষণা করেছে যে এই রবিবার, 29 জুন থেকে শুরু করে ব্রুকলিন, কুইন্স, ব্রক্সেস এবং স্টেটেন আইল্যান্ড জুড়ে 14টি স্থানীয় রুটে বাসের পরিষেবা বাড়বে। এটি এই বসন্তের শুরুতে কার্যকর হওয়া আটটি লাইন এবং জানুয়ারিতে কার্যকর হওয়া একটি লাইনে বর্ধিত এক্সপ্রেস বাস পরিষেবার পরিপূরক। পরিষেবা উন্নয়নের ফলে যাতায়াতের সময় কমে যাবে, দৈনন্দিন যাতায়াতের সময় সংক্ষিপ্ত হবে এবং বাস স্টপে অপেক্ষা করার সময় কমবে। বাসে ভিড় সব থেকে বেশী থাকে এমন ব্যস্ত সময়গুলিতে পরিবহণের ঘনত্ব বাড়ানোর লক্ষ্য নির্ধারণ করা হয়েছিল। বর্ধিত পরিষেবা নির্দিষ্ট রুটগুলিতে অপেক্ষার সময় আড়াই মিনিট মতো কমিয়ে দেবে।

কুইন্সের বাস যাত্রীরা রবিবার থেকে শুরু হতে যাওয়া Queens Bus Network Redesign-এর প্রথম ধাপের অতিরিক্ত সুবিধা দেখতে পাবেন।

“প্রত্যেক নিউ ইয়র্কবাসীর দ্রুত, নির্ভরযোগ্য এবং সহজলভ্য পাবলিক ট্রানজিট প্রাপ্য এবং এই উন্নয়নগুলি ঠিক সেই কাজই করবে,” **গভর্নর হোকল (Hochul) বলেছেন।** “যানজট নিরসনের জন্য মূল্য বৃদ্ধির কারণে বাসগুলি ইতিমধ্যে দ্রুত গতিতে চলছে, এবং এখন আমরা আরও বেশী পরিষেবাতে বিনিয়োগ করছি, যাতে আমাদের শহরকে সচল রাখার জন্য পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের জন্য সময় বাঁচানো যায়। কো-অপ সিটি (Co-Op City) থেকে স্টেটেন আইল্যান্ড পর্যন্ত, আমরা এমন একটি ট্রানজিটের ব্যবস্থা তৈরি করছি যা সকল নিউ ইয়র্কবাসীর চাহিদা পূরণ করে।”

MTA-এর সভাপতি এবং CEO Janno Lieber (জ্যানো লিবার) বলেছেন, “শহরের সব থেকে ব্যস্ত রুটগুলির বাস পরিষেবা বাড়ানো নিঃসন্দেহে একটি যুক্তিসম্মত সিদ্ধান্ত। এই সাম্প্রতিক উন্নয়নগুলি এবং আমরা প্রতিটি বরো ধরে যে বিস্তৃত বাসের নেটওয়ার্ক পুনর্গঠনের

কাজ করছি, তা প্রতিদিন আমাদের সাথে যাতায়াত করা লক্ষ লক্ষ সংখ্যারও বেশী নিউ ইয়র্কবাসীর জন্য যুগান্তকারী পরিবর্তন আনছে।"

NYC ট্রানজিটের (NYC Transit) সভাপতি Demetrius Crichlow (ডেমেট্রিয়াস ক্রিকলো) বলেছেন, "যানজটের নিরসন শুরু হওয়ার কারণে বাস যাত্রীদের সংখ্যা ক্রমাগত বাড়তে থাকার সাথে, 14টি স্থানীয় রুটে পরিষেবা বাড়ানোর ফলে নিউ ইয়র্কবাসীদের যখনই প্রয়োজন হবে তখনই তাঁদের জন্য দ্রুত, ঘন ঘন এবং নির্ভরযোগ্য বাসের পরিষেবা পাওয়া সহজ হবে। এই রুটগুলি এমন অনেক লোকের জন্য একটি গুরুত্বপূর্ণ জীবনরেখা, যারা সাবওয়ে স্টেশনের কাছাকাছি বাস করেন না।"

গভর্নর Hochul (হোকল) কর্তৃক 2024 সালের নভেম্বরে যানজট কমানোর জন্য মূল্য বৃদ্ধি চালু করার প্রস্তাব করা হয়েছিল এবং যাত্রীদের গাড়ি চালানোর আরো ভালো বিকল্প প্রদানের জন্য স্টেকহোল্ডাররা যেসব বিভিন্ন উপায়ে কাজ করছেন তার মধ্যে পরিষেবার উন্নয়নগুলি একটি গুরুত্বপূর্ণ অংশ। নিচে স্থানীয় বাস রুটের একটি তালিকা রয়েছে যেগুলো উন্নত পরিষেবার সুবিধাপ্রাপ্ত হবে। এই লাইনগুলিতে যাত্রীদের সংখ্যা বেশী রয়েছে এবং যানজট নিরসনের সাফল্যের জন্য ধন্যবাদ, যাত্রীদের দ্রুত, নিরাপদ, নির্ভরযোগ্য ট্রানজিটের পরিষেবাতে বিস্তৃত অ্যাক্সেসের সুযোগ প্রদান করে — বিশেষত সাবওয়ে সিস্টেম দ্বারা সুবিধাবঞ্চিত অঞ্চলগুলিতে।

দ্য ব্রঙ্কস:

- **Bx10** (রিভারডেল-নরউড)
- **Bx17** (পোর্ট মরিস-ফোর্ডহ্যাম প্লাজা)
- **Bx23** (কো-অপ সিটি-পেলহাম বে পার্ক স্টেশন)
- **Bx28/Bx38** (কো-অপ সিটি-ফোর্ডহ্যাম সেন্টার)

ব্রুকলিন:

- **B17** (ক্রাউন হাইটস-ক্যানারসি)
- **B26** (ফুলটন সেন্ট-রিজউড)
- **B74** (সি গেট-স্টিলওয়েল অ্যাভিনিউ স্টেশন)
- **B103** (ক্যানারসি-ডাউনটাউন ব্রুকলিন)

কুইন্স:

- **Q13** (ফ্লাশিং-ফর্ট টটেন)
- **Q28** (বেসাইড-ফ্লাশিং)
- **Q35** (রকওয়ে পার্ক-মিডউড)
- **Q66** (ফ্লাশিং-লং আইল্যান্ড সিটি)
- **Q69** (লং আইল্যান্ড সিটি-অ্যাস্টোরিয়া)

স্টেটেন আইল্যান্ড:

- **S79 SBS** (স্টেটেন আইল্যান্ড মল-বে রিজ)

ব্রঙ্কস, ব্রুকলিন, কুইন্স এবং স্টেটেন আইল্যান্ডের এক্সপ্রেস বাস রুটের একটি তালিকা নিচে দেওয়া হলো যেগুলো ইতোমধ্যে বর্ধিত পরিষেবা কার্যকর করেছে:

- **BM2** (ক্যানারসি-অ্যাভিনিউ এইচ-মিডটাউন/ ডাউনটাউন)
- **BM5** (স্প্রিং ক্রিক-লিন্ডেন বুলেভার্ড-উডহ্যাভেন বুলেভার্ড-মিডটাউন)
- **X27** (বে রিজ-মিডটাউন/ডাউনটাউন)
- **QM15** (লিন্ডেনউড-ক্রস বে বুলেভার্ড-উডহ্যাভেন বুলেভার্ড-মিডটাউন)
- **SIM1C** (এলটিংভিল-হাইলান বুলেভার্ড-মিডটাউন/ ডাউনটাউন)
- **SIM4C** (হুগেনোট-রিচমন্ড এভিনিউ-মিডটাউন/ ডাউনটাউন)
- **SIM23** (অ্যানাডেল-আর্ডেন এভিনিউ-মিডটাউন)
- **SIM24** (প্রিন্সের বে-হুগেনোট এভিনিউ-মিডটাউন)

নিউ ইয়র্ক স্টেট লেজিসলেচার (New York State Legislature)কতৃক 2018 সালে প্রতিষ্ঠিত আউটার বরো ট্রান্সপোর্টেশন অ্যাকাউন্ট (Outer Borough Transportation Account) থেকে প্রাপ্ত ৪ মিলিয়ন মার্কিন ডলারের মাধ্যমে এই বর্ধিত পরিষেবাটির অর্থায়ন করা হচ্ছে, যা ম্যানহাটনের (Manhattan) বাইরে পরিবহণের পরিষেবা উন্নত করার জন্য তৈরি করা হয়েছিল।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্ক্রাইব করুন](#)